যুগান্তর

তারিখ: 03 APR 2016
পৃষ্ঠা: 2 কলাম: 2

### পুলিশের গুলিতে ঢাবি ছাত্র নিহত

# বিচার চেয়ে শাহবাগে শিক্ষার্থীদের অবরোধ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ইউনিয়ন পরিষদ নির্বাচন চলাকালে পুলিশের গুলিতে সুজন মৃধা নামে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) এক শিক্ষার্থী নিহত হওয়ার ঘটনায় শাহবাগ মোড় অবরোধ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিক্ষুব্ধ শিক্ষার্থীরা। শনিবার সন্ধ্যা ৬টা ৪০ থেকে ৭টা ২০ পর্যন্ত রাজধানীর ব্যস্ততম এ সড়কটি অবরোধ করে রাখেন তারা। হত্যাকাণ্ডের বিচার না হলে আগামীতে আরও কঠোর কর্মসূচি দেয়া হবে বলে হুশিয়ারি উচ্চারণ করেন আন্দোলনকারীরা।

এর আগে ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেজ ফ্যাকাল্টি থেকে বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি রাজু ভাস্কর্য হয়ে শাহবাগ এসে সড়ক অবরোধ করে। সুজন হত্যার বিচার দাবিতে বিভিন্ন স্লোগান সংবলিত ফেস্টুন নিয়ে শিক্ষার্থীরা এতে অংশ নেন। সড়ক অবরোধ শেষে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা শাহবাগ থানার সামনে আসে এবং জড়িত পুলিশ সদস্যের বিচার দাবিতে বিভিন্ন স্লোগান দেন।

অবরোধে অংশ নেয়া বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র ওসিকুল আজাদ যুগান্তরকে বলেন, এ ধরনের হত্যাকাণ্ড কখনোই মেনে নেয়া যায় না। আমরা অবিলম্বে এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি চাই। ব্যবসায় শিক্ষা অনুষদের তৃতীয় বর্ষের শিক্ষার্থী ফাতেমা আক্তার বলেন, আমাদের সহপাঠী সুজন মৃধার হত্যার সুষ্ঠু তদন্ত ও বিচারের দাবিতে রাস্তায় নেমেছি। আমরা আশা করছি পুলিশ জনগণের বন্ধু এ বিষয়টিকে সামনে রেখে জড়িতদের বিচার করবে।

মাদারীপুর সদর উপজেলার ধুরাইল ইউনিয়ন পরিষদে ফল ঘোষণাকে কেন্দ্র করে ৪নং ওয়ার্ডের দক্ষিণ বিরঙ্গল মাদ্রাসা কেন্দ্রে মেম্বার প্রার্থী আবদুল মোতালেব মৃধা ও আয়ুবালী ফকিরের গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া এবং ব্যালট বাক্স ছিনতাই হয়। এ সময় পুলিশ ৪ রাউন্ড গুলি ছোড়ে। গুলিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের এক ছাত্র সুজন মৃধা গুলিবিদ্ধ হন। মাদারীপুর সদর হাসপাতালে নেয়ার পথে তার মৃত্যু হয়। সুজনের বাড়ি ধুরাইলের দক্ষিণ বিরঙ্গল গ্রামে। তার বাবার নাম বাচ্চু মৃধা। সুজন মেম্বার প্রার্থী আবদুল মোতালেব মৃধার নাতি ছিলেন।